১২/৪/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ ……………
পৃষ্ঠা …… কলাম ……

# মেহেরপুর শিশু কল্যাণ ট্রাস্টের বেহাল অবস্থা ॥ লেখাপড়া বিঘ্নিত

মেহেরপুর থেকে ইসরাইল হোসেন : মেহেরপুর শিশু কল্যাণ ট্রাস্টের বেহালদশা। ভাগ্যহত শিশুদের শিক্ষা-লাভের প্রাণান্তকর প্রচেষ্টা ব্যাহত হচ্ছে। ১৯৯০ সালে তৎকালীন এরশাদ সরকারের শাসনামলে সারাদেশে পথকলি ট্রাস্ট গঠন করে ভাগ্যহত শিশুদের অক্ষর জ্ঞানদান কর্মসূচি চালু করা হয়েছিল। এই কর্মসূচির আওতায় মেহেরপুর সরকারি বি.এম আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষে পথকলি ট্রাষ্টের কার্যক্রম চালু করা হয়। পরবর্তী সময়ে পথকলি ট্রাস্টের নাম পরিবর্তন করে শিশু কল্যাণ ট্রাস্ট নামে এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। শিক্ষা থেকে বঞ্চিত হওয়া নানা পেশায় জড়িত প্রায় দেড় শতাধিক শিশু এখানে শিক্ষালাভ করতে আসে। বর্তমানে বি. এম প্রাথমিক বিদ্যালয়ের পুরনো ভবনের বারান্দায় এদের পড়ালেখা শেখার কাজ চলে।

কিন্তু এদের পড়ালেখা শেখার সময়টিতে বিদ্যুৎ সরবরাহ থাকে না। কুপির আলোতে কোনভাবে চলে পড়ালেখার কাজ। শিক্ষকদের নিজ উদ্যোগে আলোর ব্যবস্থা করতে হয়। প্রতিদিন এখানে দেড় শতাধিক ভাগ্যহত শিশু পড়ালেখা করতে আসে। দায়িত্বে নিয়োজিত তিনজন শিক্ষক এদের পাঠদান করে থাকেন। দীর্ঘ একযুগ পেরিয়ে গেলেও শিশু কল্যাণ ট্রাস্টের শিশুদের পড়ালেখার জন্য পৃথক কোন ভবনের ব্যবস্থা হয়নি। সুযোগ হয়নি মাটি ছেড়ে বেঞ্চে বসে পড়ালেখা করার। এ অবস্থার মধ্যে চলছে মেহেরপুর শিশু কল্যাণ ট্রাস্টের শিক্ষাদান ব্যবস্থা।